

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২১ আগস্ট ২০১৬ খ্রিঃ।

**বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের সাথে এনবিআরের প্রচার সংক্রান্ত পার্টনারশীপ ডায়ালগঃ
রাজস্ব বিষয়ক প্রচার কাজে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রতিষ্ঠিত জাতীয় রাজস্ব বোর্ড দেশের অভ্যন্তরীণ সম্পদ তথা রাজস্ব আহরণে ইতিবাচক ভূমিকা পালন করছে। ১৯৭২ সালে ১৬৬ কোটি টাকা আহরণ করে যাত্রা শুরু পর ক্রমান্বয়ে ধাপে ধাপে রাজস্ব আদায় বৃদ্ধি পায়। পরবর্তীতে ২০১০-১১ সালে আদায়ের পরিমাণ ৭৯,৪০৩ কোটি টাকায় উন্নীত হয়। রাজস্ব বোর্ডের নিরলস পরিশ্রমের ফলে ২০১৩-১৪ অর্থবছরে রাজস্ব আদায়ের পরিমাণ দাঁড়ায় ১,২০,৮২০ কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবছরে এর পরিমাণ দাঁড়ায় প্রায় ১,৫৫,০০০ কোটি টাকা। বর্তমানে ২০১৬-১৭ অর্থবছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ২,০৩,১৫২ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আহরণ কার্যক্রম জোরদারকরণে গণমাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালানোসহ রাজস্ব আদায়ে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে নিজ নিজ অধিক্ষেত্রে রাজস্ব বৃদ্ধি সহায়ক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে ভূমিকা রাখা প্রয়োজন। এ বিষয়ে “২০১৬-১৭ অর্থবছরে রাজস্ব সংগ্রহে অংশীজনের ভূমিকাঃ প্রচার সংক্রান্ত পার্টনারশীপ ডায়ালগ” সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে আজ ২১ আগস্ট ২০১৬ তারিখ বিকাল ০৩.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের পরিচিতি, প্রাতিষ্ঠানিক কাঠামো ও মানবসম্পদ, রাজস্ব আদায় পরিস্থিতি, গুরুত্বপূর্ণ অর্জনসমূহ, সংস্কার ও আধুনিকায়ন কার্যক্রম এবং রাজস্ব বিষয়ক প্রচার-প্রচারণা সংক্রান্ত একটি “পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন” উপস্থাপন করা হয়।


রাজস্ব বিষয়ক ব্যাপক প্রচার-প্রচারণার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে পার্টনারশীপ ডায়ালগ অনুষ্ঠানে উপস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থর প্রতিনিধিদের কাছে সহযোগিতা চাওয়া হয়, যা নিম্নরূপঃ

- (১) তথ্য মন্ত্রণালয়ঃ
 - ইলেকট্রনিক মিডিয়াঃ- (ক) সরকারী (খ) বেসরকারী প্রচার সামগ্রী প্রস্তুতঃ টিভিসি, টকশো, বিজ্ঞাপন, নাটক, নাটিকা, রাজস্ব বিষয়ক সংবাদ বুলেটিন;
 - প্রিন্ট মিডিয়া/অনলাইন পত্রিকা (পিআইডি);
 - গণযোগাযোগ অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের তথ্য কর্মকর্তা;
 - চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর;
 - রেডিওঃ (ক) সরকারী (খ) বেসরকারী (গ) কমিউনিটি রেডিও।
- (২) তথ্য প্রযুক্তি বিভাগ ও এ টু আই প্রকল্পঃ
 - এ্যাপস, মোবাইল ওয়ালপেপার, সামাজিক যোগাযোগ মাধ্যমে রাজস্ব বিষয়ে আলোচনা, ওয়েবসাইট মেইনটেইনেন্স, ই-বুক তৈরি
- (৩) ডাক ও টেলিযোগাযোগ বিভাগঃ
 - এস.এম.এস; খাম ও পোস্ট কার্ডে রাজস্ব বিষয়ক শ্লোগান।

অনুষ্ঠানে প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশনসহ তথ্য মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ বেতার, গণযোগাযোগ অধিদপ্তরের সম্মানিত প্রতিনিধিগণ, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের উপস্থিত সম্মানিত প্রতিনিধিগণ জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব বিষয়ক প্রচার কাজে জনস্বার্থে তাঁদের নিজ নিজ দপ্তরের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, মাননীয় প্রধানমন্ত্রী চট্টগ্রাম সফরকালে “আমরা কর দেব স্বাবলম্বী হব” মর্মে উল্লেখ করে রাজস্ব আহরণের উপর গুরুত্বারোপ করেন। বিগত ০৪ আগস্ট ২০১৬ তারিখে বার্ষিক কার্যসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী আহরিত রাজস্ব সুষ্ঠুভাবে ব্যবহারের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সদয় নির্দেশনা দেন। তাই রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করতে রাজস্ব বিষয়ক সকল কর্মকাণ্ডের বস্তনিষ্ঠ ও কার্যকর প্রচার অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরো বলেন, “মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড দেশে একটি ব্যবসা বান্ধব, শিল্প বান্ধব ও বিনিয়োগ বান্ধব পরিবেশ প্রতিষ্ঠায় অব্যাহত প্রয়াস চালাচ্ছে। স্বনির্ভর ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জাতীয় রাজস্ব বোর্ড সকলের সহযোগিতায় রাজস্ব সংগ্রহে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। করদাতা বান্ধব, রাজস্ব বান্ধব, ব্যবসা বান্ধব, শিল্প বান্ধব এবং বিনিয়োগ বান্ধব রাজস্ব প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার বন্ধুরা আমাদেরকে নিয়মিত সহযোগিতা করছেন। তাঁদের অব্যাহত সহযোগিতার জন্য তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ মু'মিন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া